রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জানুয়ারি ৩০, ২০১৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩১-আইন/২০১৩।**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ধারা ১৫ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) **"আইন"** অর্থ হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন);

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **"ফরম"** অর্থ এই বিধিমালার তফসিলে সংযোজিত কোনো ফরম; এবং

(৪) **"মন্ত্রণালয়"** অর্থ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ।

৩। **হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ প্রদান, পদ্ধতি, ইত্যাদি।**—(১) কোনো সিটি কর্পোরেশন বা উপজেলা এলাকায় কোনো হিন্দু বিবাহ নিবন্ধকের পদ সৃষ্টি বা শূন্য হইলে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার উক্ত পদ পূরণের উদ্দেশ্যে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করিবেন।

(২) জেলা রেজিস্ট্রার উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত দরখাস্তসমূহ প্রয়োজনীয় দলিলাদিসহ মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।



**মূল্য ঃ** টাকা ১৬.০০

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রাপ্ত দরখাস্তসমূহ বিবেচনা করিয়া মন্ত্রণালয় উপযুক্ত প্রার্থীকে হিন্দু বিবাহ নিবন্ধক হিসাবে নিয়োগ প্রদান করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন নিয়োগের সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রার্থীকে অবিলম্বে অবহিত করিতে হইবে।

৪। **বাৎসরিক ফি।**—(১) এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক প্রতি বৎসরের ৩১ মার্চ এর মধ্যে নিম্নবর্ণিত হারে কোনো সরকারি ট্রেজারী বা সাব-ট্রেজারীতে "কোড নং-১-২১৬১-০০০০-১৮৫৪, বাৎসরিক ফি"-খাতে বাৎসরিক ফি জমা প্রদান করিয়া উহার মূল কপি মন্ত্রণালয়ে দাখিল করিবেন, যথা :—

(ক) সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে, ২০০০/- (দুই হাজার) টাকা; এবং

(খ) উপজেলা এলাকার ক্ষেত্রে, ১০০০/- (এক হাজার) টাকা।

(২) উপ-বিধি (১) এর বিধান অনুসারে কোনো হিন্দু বিবাহ নিবন্ধক বাৎসরিক ফি জমা প্রদান না করিলে, উহা এই বিধিমালার লংঘন হিসাবে গণ্য হইবে।

৫। **প্রার্থীদের যোগ্যতা, ইত্যাদি।**—(১) কোনো ব্যক্তি হিন্দু বিবাহ নিবন্ধক হিসাবে নিয়োগ পাইবার যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি সরকার কর্তৃক স্বীকৃত কোনো বোর্ড হইতে এইচ, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ না হন;

(খ) তাহার বয়স কমপক্ষে পঁচিশ এবং অনূর্ধ্ব পঞ্চাশ বৎসর না হয়;

(গ) তিনি সংশ্লিষ্ট এলাকার বাসিন্দা না হন;

(ঘ) তিনি হিন্দু সনাতন ধর্মাবলম্বী না হন।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগের ক্ষেত্রে কাব্যতীর্থ বা ব্যাকরণতীর্থদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

৬। **হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগের জন্য দরখাস্ত।**—হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগের জন্য প্রতিটি দরখাস্ত, নিম্নবর্ণিত কাগজপত্রসহ, ফরম 'ক' তে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট দাখিল করিতে হইবে, যথা :—

(ক) তিন কপি পাসপোর্ট সাইজের ছবি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি; এবং

(গ) জাতীয় পরিচয়পত্র বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

৭। **হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ ফরম**।—হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ ফরম 'খ' তে প্রদান করিতে হইবে।

৮। **নিয়োগ বাতিল বা স্থগিতকরণ**।—(১) এই বিধিমালার অধীন প্রদানকৃত হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ অসদাচরণের জন্য অথবা আইনের ধারা ১৪ তে বর্ণিত যে কোনো কারণে বাতিল বা স্থগিত করা যাইবে।

**ব্যাখ্যা**।—**"অসদাচরণ"** বলিতে আইন বা বিধিমালার যে কোনো বিধান লংঘন, একাধিক এলাকার হিন্দু বিবাহ নিবন্ধক হওয়া, বা যে কোনো ধরনের তথ্যের মিথ্যা বর্ণনা নৈতিক স্খলনকে বুঝাইবে।

(২) এই বিধিমালার অধীন প্রদানকৃত হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগ বাতিল বা স্থগিত করিবার ক্ষেত্রে, মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট হিন্দু বিবাহ নিবন্ধককে, কেন তাহার বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণ করা হইবে না, তৎমর্মে লিখিতভাবে কারণ দর্শাইবার জন্য পনের দিনের সময় প্রদানপূর্বক নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে সংশ্লিষ্ট হিন্দু বিবাহ নিবন্ধকের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের উল্লেখ থাকিতে হইবে।

(৩) কোনো নোটিশ সংশ্লিষ্ট হিন্দু বিবাহ নিবন্ধকের সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্ট্রী ডাকযোগে প্রেরিত হইলে, তাহাকে নোটিশ পাঠানো হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন জারীকৃত নোটিশে উল্লিখিত সময়-সীমার মধ্যে কোনরূপ কারণ দর্শানো না হইলে অথবা কোনো কারণ দর্শানোর প্রেক্ষিতে কোনো আপত্তি বা জবাব দাখিল করা হইলে, মন্ত্রণালয় উহা পরীক্ষা-নিরীক্ষার পর, যেরূপ উপযুক্ত মনে করিবে সেরূপ আদেশ প্রদান করিতে পারিবে এবং উক্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৯। **বয়স পূর্তিতে নিয়োগের অবসান**।—এই বিধিমালার অধীন কোনো নিয়োগ পূর্বেই বাতিলকৃত না হইলে, হিন্দু বিবাহ নিবন্ধকের বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর পূর্ণ হওয়ার তারিখে স্বয়ংক্রিয়ভাবে উক্ত নিয়োগের অবসান ঘটিবে।

১০। **অধিক্ষেত্র**।—এই বিধিমালার অধীন—

(ক) সিটি কর্পোরেশনের ক্ষেত্রে, অনধিক তিনজন; এবং

(খ) সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকার ক্ষেত্রে একটি উপজেলায় একজন—

হিন্দু বিবাহ নিবন্ধককে নিয়োগ প্রদান করা যাইবে।

১১। **কার্যালয়**।—এই বিধিমালার অধীন নিযুক্ত প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধককে তাহার এলাকাধীন কোনো উপযুক্ত স্থানে হিন্দু বিবাহ নিবন্ধন কার্যালয় স্থাপন করিতে হইবে।

১২। **হিন্দু বিবাহ নিবন্ধকের দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ।**—কোনো হিন্দু বিবাহ নিবন্ধক, এক মাসের নোটিশ প্রদানপূর্বক মন্ত্রণালয়ের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে, হিন্দু বিবাহ নিবন্ধকের দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ করিতে পারিবে, তবে উক্ত পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট অবশ্যই প্রেরণ করিতে হইবে।

১৩। **দায়িত্ব হস্তান্তর।**—কোনো হিন্দু বিবাহ নিবন্ধক অন্য কোনো হিন্দু বিবাহ নিবন্ধকের নিকট দায়িত্ব বুঝাইয়া দেওয়ার সময় অথবা তাহার পূর্বসূরীর নিকট হইতে দায়িত্ব গ্রহণের সময়, উক্ত তারিখে উভয়ের রেকর্ডপত্রের নিরাপত্তা ও যথার্থতা সম্পর্কে যৌথভাবে প্রত্যয়নপত্র প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট প্রদান করিবেন এবং উক্ত প্রত্যয়নপত্রের কপি সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার কর্তৃক মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করিতে হইবে।

১৪। **হিন্দু বিবাহ নিবন্ধকের দায়িত্ব পালনে বিরত থাকা।**—(১) কোনো ব্যক্তি হিন্দু বিবাহ নিবন্ধক স্বাস্থ্যগত, ধর্মীয়, পারিবারিক বা অন্য কোনো কারণে সাময়িক সময়ের জন্য বিবাহ নিবন্ধকের দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার জন্য উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী আবেদন করিলে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার সন্তুষ্ট হইলে তাহাকে অনধিক দুই মাস পর্যন্ত দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার অনুমতি প্রদান করিতে পারিবে।

(২) কোনো হিন্দু বিবাহ নিবন্ধককে দুই মাসের অধিক সময় দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার অনুমতি প্রদান করিবার প্রয়োজন দেখা দিলে অথবা উপ-বিধি (১) এ উল্লিখিত মঞ্জুরীকৃত সময় দুই মাসের অতিরিক্ত বর্ধিত করিবার প্রয়োজন হইলে, মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোনো হিন্দু বিবাহ নিবন্ধক একাদিক্রমে ছয় মাসের অধিক দায়িত্ব পালন হইতে বিরত থাকিতে পারিবেন না।

(৩) হিন্দু বিবাহ নিবন্ধকগণ, যে তারিখ হইতে দায়িত্ব পালন হইতে বিরত থাকিতে ইচ্ছুক, উক্ত তারিখের এক সপ্তাহ পূর্বে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট দরখাস্ত পেশ করিবেন।

(৪) এই বিধির অধীন দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার কারণে হিন্দু বিবাহ নিবন্ধকের অনুপস্থিতিকালে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার, ক্ষেত্রমত, সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো সিটি কর্পোরেশন বা উপজেলার কোনো হিন্দু বিবাহ নিবন্ধককে উক্ত এলাকার জন্য অতিরিক্ত দায়িত্ব প্রদান করিতে পারিবেন।

(৫) উপরি-উক্ত বিধিসমূহের বিধান অনুসরণ ব্যতীত কোনো হিন্দু বিবাহ নিবন্ধক বিবাহ নিবন্ধকের দায়িত্ব পালন হইতে বিরত থাকিলে বা অনুপস্থিত থাকিলে, উহা এই বিধিমালার লংঘন হিসাবে গণ্য হইবে।

১৫। **যোগদান প্রতিবেদন দাখিল।**—(১) কোনো ব্যক্তি হিন্দু বিবাহ নিবন্ধক হিসাবে নিয়োগ প্রাপ্তির পর দায়িত্বভার গ্রহণের, বা বিধি ১৪ এর অধীন দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার পর দায়িত্ব পুনঃগ্রহণের, সঙ্গে সঙ্গে, তিনি সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট কার্যে যোগদান করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো হিন্দু বিবাহ নিবন্ধক কার্যে যোগদান করিলে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বিষয়টি মন্ত্রণালয়কে অবহিত করিবেন।

১৬। **সবেতনে চাকরি গ্রহণের ক্ষেত্রে বাধা-নিষেধ।**—কোনো হিন্দু বিবাহ নিবন্ধক তাহাকে যে এলাকার জন্য নিয়োগ প্রদান করা হইয়াছে, সেই এলাকার কোনো বেসরকারি স্কুল বা কলেজ ব্যতীত অন্য কোথাও সবেতনে চাকরি করিতে পারিবেন না।

১৭। **হিন্দু বিবাহ নিবন্ধক কর্তৃক আদায়যোগ্য ফি, ইত্যাদি।**—(১) প্রতিটি হিন্দু বিবাহ নিবন্ধন ফি হইবে ১,০০০ (এক হাজার) টাকা এবং হিন্দু বিবাহ সংক্রান্ত নকল প্রাপ্তি বা পরিদর্শন ফি ১০০ (একশত) টাকা।

(২) হিন্দু বিবাহ নিবন্ধনের ফি বর পক্ষ পরিশোধ করিবেন।

(৩) এই বিধির অধীন হিন্দু বিবাহ নিবন্ধক যে ব্যক্তির নিকট হইতে কোনো ফি গ্রহণ করিবেন সেই ব্যক্তিকে ফরম 'গ' তে প্রযোজ্য রেভিনিউ স্ট্যাম্পে সহিযুক্ত একটি রসিদ প্রদান করিবেন।

১৮। **হিন্দু বিবাহ নিবন্ধন-পূর্ব কার্যক্রম।**—(১) বিবাহ কার্যক্রম সম্পন্ন হইবার পর বর ও কনের যৌথ স্বাক্ষরে বা টিপসহিতে বিবাহ নিবন্ধনের জন্য লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রতিটি আবেদনের সহিত বর ও কনের পাসপোর্ট সাইজের ছবি বা স্বামী-স্ত্রীর যৌথ ছবি সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর হিন্দু বিবাহ নিবন্ধক পক্ষদ্বয়ের মধ্যে বিবাহ অনুষ্ঠিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইয়া আইন ও এই বিধির অধীন বিবাহ নিবন্ধন করিবেন।

১৯। **বিবাহ নিবন্ধন কার্যক্রমের পূর্বে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, ইত্যাদি পরীক্ষাকরণ।**—(১) কোনো হিন্দু বিবাহ নিবন্ধক বর ও কনের জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে,এস,সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস, এস, সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র পরীক্ষাপূর্বক বর ও কনের বিবাহের জন্য আইনগত বয়স সম্পর্কে নিশ্চিত না হইয়া কোনো বিবাহ নিবন্ধন করিবেন না।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কাগজপত্র না থাকিলে, বর ও কনের বয়স সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য মাতা, পিতা বা আইনগত অভিভাবক কর্তৃক প্রদত্ত বয়স সংক্রান্ত হলফনামা দ্বারা বর ও কনের বয়স নির্ধারণপূর্বক বিবাহ নিবন্ধন করিতে হইবে।

(৩) বিবাহ নিবন্ধনের সময় বর, কনে বা অন্য কোনো ব্যক্তি মিথ্যা তথ্য প্রদান করিলে এবং উক্ত তথ্যের ভিত্তিতে কোনো বিবাহ নিবন্ধন করা হইলে, তজ্জন্য কোনো হিন্দু বিবাহ নিবন্ধক দায়ী হইবে না।

(৪) উপ-বিধি (১) বা (২) দ্বারা বর ও কনের বয়স সম্পর্কে নিশ্চিত হওয়া সংক্রান্ত কাগজপত্র সংশ্লিষ্ট বিবাহ নিবন্ধককে সংরক্ষণ করিতে হইবে।

২০। **বিবাহ নিবন্ধন প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপীল**।—হিন্দু বিবাহ নিবন্ধন করিবার কোনো আবেদন হিন্দু বিবাহ নিবন্ধক প্রত্যাখ্যান করিলে, সংশ্লিষ্ট ব্যক্তি উক্ত প্রত্যাখ্যানের ত্রিশ দিনের মধ্যে জেলা রেজিস্ট্রারের নিকট আপীল পেশ করিতে পারিবেন এবং এই আপীল সম্পর্কে জেলা রেজিস্ট্রারের আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২১। **বিবাহ নিবন্ধনের স্থান**।—বিবাহ যে স্থানে সম্পন্ন হইয়াছে, উক্ত স্থান যে হিন্দু বিবাহ নিবন্ধকের এলাকাভুক্ত সেই হিন্দু বিবাহ নিবন্ধক কর্তৃক প্রতিটি বিবাহ নিবন্ধন করিতে হইবে।

২২। **হিন্দু বিবাহ নিবন্ধক কর্তৃক রেজিস্টার সংরক্ষণ**।—(১) প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক বিবাহের জন্য নিম্নবর্ণিত রেজিস্টারসমূহ সংরক্ষণ করিবেন :—

(ক) বিবাহ রেজিস্টার (ফরম 'ঘ' অনুযায়ী);

(খ) ফি বহির রেজিস্টার।

(২) প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক রেজিস্টার পরিদর্শন ও নকলের জন্য ফরম 'ঙ' তে একটি দরখাস্তের রেজিস্টার সংরক্ষণ করিবেন।

(৩) হিন্দু বিবাহ নিবন্ধকগণ যথাযথ রেজিস্টারে বিবাহ নিবন্ধন করিবেন এবং রেজিস্টারে এক বৎসরের মধ্যে শুরু এবং শেষ হওয়া প্রত্যেকটি এন্ট্রির ধারাবাহিক সংখ্যা প্রদান করিতে হইবে যাহা প্রত্যেক বৎসরের প্রারম্ভেই নূতন সিরিয়াল নম্বর প্রদানের মাধ্যমে শুরু করিতে হইবে।

২৩। **রেজিস্টারের এন্ট্রিসমূহ বাতিলকরণ**।—বিবাহ সংশ্লিষ্ট পক্ষসমূহ রেজিস্টারে স্বাক্ষর বা টিপসহি প্রদান না করিলে অথবা করিতে অস্বীকৃতি জ্ঞাপন করিলে হিন্দু বিবাহ নিবন্ধক সংশ্লিষ্ট বিবাহ সম্পর্কে রেজিস্টারে যাহা কিছু এন্ট্রি করিয়াছেন উহা, কারণ লিপিবদ্ধপূর্বক, বাতিল করিয়া নিজের স্বাক্ষর প্রদান করিবেন এবং পক্ষসমূহ কোনো ফি প্রদান করিয়া থাকিলে, উহা ফেরত প্রদান করিবেন।

২৪। **সূচিবহি (Indexbook)**।—(১) প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক ফরম 'চ' তে একটি সূচিবহি সংরক্ষণ করিবেন।

(২) বিধি ২২ এর অধীনে সংরক্ষিত রেজিস্টারে কোনো কিছু কিছু এন্ট্রি করিবার সঙ্গে সঙ্গে হিন্দু বিবাহ নিবন্ধক সূচিবহিতে উহা এন্ট্রি করিবেন।

২৫। **ক্যাটালগ**।—প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধকের কার্যালয়ে ফরম 'ছ' তে একটি ক্যাটালগ স্থায়ীভাবে রক্ষিত হইবে এবং রেকর্ডপত্র স্থানান্তরের সময় রেকর্ড গ্রহণের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উহা ক্যাটালগের সহিত মিলাইয়া দেখিয়া উহার যথার্থতা প্রত্যয়ন করিবেন, তবে যখনই কোন রেকর্ড জেলা রেজিস্ট্রার অফিসে স্থানান্তর করা হইবে তখনই তারিখ উল্লেখপূর্বক বিষয়টি মন্তব্য কলামে লিখিয়া রাখিতে হইবে।

২৬। **রেজিস্টার, ইত্যাদি প্রাপ্তি**।—(১) হিন্দু বিবাহ নিবন্ধকগণ, মন্ত্রণালয় নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে, মন্ত্রণালয়ের নিকট হইতে এই বিধিমালা দ্বারা নির্ধারিত যাবতীয় রেজিস্টার, ফরম বা বইপত্র চাহিদা মোতাবেক পাইবেন।

(২) প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক প্রতি বৎসর **১৫ই** জুলাইয়ের মধ্যে তাহাদের প্রার্থিত রেজিস্টার, ফরম বা বইপত্রের মূল্য স্থানীয় ট্রেজারীতে জমা দিয়া উহার চালানের কপিসহ একটি চাহিদাপত্র সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের মধ্যেমে মহা-পরিদর্শক, নিবন্ধন এর নিকট প্রেরণ করিবেন।

২৭। **সীলমোহর, রেজিস্টার, ইত্যাদির হেফাজত**।—হিন্দু বিবাহ নিবন্ধকগণের কার্যালয়ের সীলমোহর, বিবাহ নিবন্ধক তাহার ব্যক্তিগত হেফাজতে রাখিবেন এবং তাহার দায়িত্ব সমাপ্ত হইলে, তিনি তাহার স্থলে দায়িত্ব পালনের জন্য নূতন নিয়োগপ্রাপ্ত হিন্দু বিবাহ নিবন্ধকের নিকট রেকর্ডপত্রসহ উহা হস্তান্তর করিবেন।

২৮। **অব্যবহৃত ফরম, রেজিস্টার, ইত্যাদি**।—বিধি **১২**এর অধীন হিন্দু বিবাহ নিবন্ধকের দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ বা বিধি ৮ এর অধীন হিন্দু বিবাহ নিবন্ধকের নিয়োগ বাতিলের পর, কোন হিন্দু বিবাহ নিবন্ধক কার্যালয় ত্যাগ করিবার সময় কোনো অব্যবহৃত ফরম, রেজিস্টার বা কার্যালয়ের অন্য কোনো জিনিসপত্র লইয়া যাইতে পারিবেন না, তবে তিনি তাহার উত্তরাধিকারীর নিকট হইতে উহার প্রকৃত মূল্য আদায় করিতে পারিবেন।

২৯। **রেজিস্টারের সমাপ্তির সার্টিফিকেট**।—কোনো রেজিস্টার সমাপ্ত করিবার সময় উহার সর্বশেষ লিখিত অংশে উক্ত মর্মে একটি সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে, এবং নূতন রেজিস্টার খুলিবার সময় উহার প্রথম পৃষ্ঠার পূর্বের ব্যবহৃত পৃষ্ঠা সংখ্যা লিপিবদ্ধ করিতে হইবে।

৩০। **রেজিস্টার, ইত্যাদির সংরক্ষণ**।—বিবাহ রেজিস্টার এবং সূচিবহি স্থায়ীভাবে সংরক্ষণ করিতে হইবে।

৩১। **হিন্দু বিবাহ নিবন্ধক কল্যাণ সমিতি**।—হিন্দু বিবাহ নিবন্ধকগণ কল্যাণ সমিতি গঠন করিতে পারিবেন।

৩২। **হিন্দু বিবাহ নিবন্ধকগণের প্রশিক্ষণ।**—(১) হিন্দু বিবাহ নিবন্ধকগণের জন্য সময় সময় প্রশিক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(২) এই বিধির অধীন প্রশিক্ষণ ব্যয় মন্ত্রণালয় কর্তৃক নির্বাহ করা হইবে।

৩৩। **বিবাহের উপাত্ত সংগ্রহ।**—(১) প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক প্রতি বৎসর ৩১শে জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার-এর নিকট তৎকর্তৃক পূর্ববর্তী বৎসর যে সকল বিবাহ নিবন্ধন করা হইয়াছে তাহার তালিকা প্রদর্শন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(২) জেলা রেজিস্ট্রার ঐ সকল প্রতিবেদন প্রাপ্তির পর তাহার জেলায় অনুষ্ঠিত হিন্দু বিবাহের সকল তালিকা একত্র করিবেন এবং ২৮শে ফেব্রুয়ারির মধ্যে সংকলিত তালিকার একটি প্রতিবেদন মহা-পরিদর্শক, নিবন্ধন এর নিকট দাখিল করিবেন।

(৩) মহা-পরিদর্শক, নিবন্ধিত হিন্দু বিবাহের একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং প্রতি বৎসর ৩১শে মার্চের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করিবেন।

৩৪। **পরিদর্শন ও নিয়ন্ত্রণ।**—(১) প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধক, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে তাহার দায়িত্ব পালন করিবেন।

(২) সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার প্রতি বৎসর কমপক্ষে দুইবার প্রত্যেক হিন্দু বিবাহ নিবন্ধকের কার্যালয় পরিদর্শন করিবেন।

(৩) সকল হিন্দু বিবাহ নিবন্ধকের কার্যালয়ের উপর মহা-পরিদর্শক, নিবন্ধন এর সার্বিক তত্ত্বাবধান থাকিবে।

৩৫। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালার কোন বিধান প্রয়োগে কোনো অসুবিধা দেখা দিলে মন্ত্রণালয়, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ করণীয় বিষয়ে দিক নির্দেশনা দিতে পারিবে।

## তফসিল

### ফরম ‘ক’

**[ বিধি ৬ দ্রষ্টব্য ]**

### হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগের জন্য দরখাস্ত

১। প্রার্থীর নাম ঃ.............................................................................................

২। পূর্ণ ঠিকানা ঃ

(ক) স্থায়ী ঃ.............................................................................................

(খ) বর্তমান ঃ.........................................................................................

৩। প্রার্থীর জন্ম তারিখ ঃ....................................

৪। ধর্ম ঃ.....................................................

৫। প্রার্থীর পেশা বা চাকরি এবং বর্তমান বেতন বা অবসর ভাতার পরিমাণ (যদি থাকে) এর বিবরণ ঃ

৬। প্রার্থীর পিতা ও মাতার নাম, পেশা ও ঠিকানা ঃ

৭। প্রার্থীর পরিবারের বর্তমান ঠিকানা ঃ

৮। কার্যালয় হিসাবে ব্যবহারের জন্য প্রার্থীর কোন বৈঠকঘর, অফিস বা কার্যালয় আছে কিনা ?

৯। প্রার্থী ইতিপূর্বে সরকারি চাকরি করিয়া থাকিলে, ঐ চাকরির বিস্তারিত বিবরণ এবং কখনও কোনো চাকরি হইতে বরখাস্ত হইয়া থাকিলে, তৎসংক্রান্ত বিবরণ ঃ

১০। যাহাদের নিকট হইতে চারিত্রিক সনদপত্র সংগ্রহ করিয়া দরখাস্তের সহিত পেশ করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা ঃ

১১। হিন্দু আইনে প্রার্থীর জ্ঞান আছে কিনা ?

১২। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পাসের সন, পরীক্ষার ফলাফল, কোনো সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠান হইতে সার্টিফিকেট প্রাপ্ত উহার উল্লেখ) এবং শিক্ষাগত যোগ্যতায় বর্ণিত সকল পরীক্ষার সনদের সত্যায়িত কপি (সংযুক্তিসহ) ঃ

আবেদনকারী স্বাক্ষর

তারিখ..........................

**বিশেষ দ্রষ্টব্য ঃ** দরখাস্তে/আবেদনে উল্লিখিত যে কোনো ঠিকানা পরিবর্তেনের সাথে সাথে মন্ত্রণালয় এবং জেলা রেজিস্ট্রারকে অবশ্যই অবহিত করিতে হইবে।

**ফরম 'খ'**

**হিন্দু বিবাহ নিবন্ধক নিয়োগপত্র**

**[ বিধি ৩(৩) এবং ৭ দ্রষ্টব্য ]**

প্রতি তারিখ ঃ....................... ।

..........................................

..........................................

১। হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ......................সিটি কর্পোরেশনের.......................ওয়ার্ডের/................. উপজেলায় হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় নিয়োগলাভকারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**ফরম 'গ'**

**ফি প্রাপ্তির রসিদ**

**[ বিধি ১৭ দ্রষ্টব্য ]**

**হিন্দু বিবাহ নিবন্ধকের কার্যালয়**

ক্রমিক নং.................

তারিখ.....................

.................................

ইউনিয়ন/ওয়ার্ড..............................., থানা......................., জেলা.............................

**ফি প্রাপ্তির রসিদ**

শ্রী/শ্রীমতি.........................................., পিতা/স্বামী................................................

গ্রাম/বাড়ী ও সড়ক নং..........................................., ডাকঘর...................................,

থানা............................., জেলা.................................এর নিকট হইতে নিম্নবর্ণিত কাজের জন্য ফি বাবদ টাকা........................(........................টাকা) গৃহীত হইল।

| কাজের বিবরণ | টাকা |
|---|---|

১। বিবহ নিবন্ধন (শ্রী...................................এর সহিত শ্রীমতি.............................এর)

৩। বিবাহ নিবন্ধনের সার্টিফাইড অনুলিপি।

৪। রেজিস্টার পরিদর্শন।

মোট ঃ.....................................

কথায় ঃ....................................

স্বাক্ষর

সীলমোহর

**ফরম 'ঘ'**

**[বিধি ২২(১) (ক) দ্রষ্টব্য]**

**হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০১৩ এর বিধি ২২(১) (ক) অনুযায়ী বিবাহ রেজিস্টারী বহি**

১। ওয়ার্ড, শহর, ইউনিয়ন, থানা ও জেলার নাম যেখানে বিবাহ কার্য নিষ্পন্ন হইয়াছে ঃ .........
.......................................................................................................

২। নিজ নিজ বাসস্থানসহ বর ও তাহার পিতা ও মাতার নাম ঃ .....................................
.......................................................................................................

৩। বরের বয়স ঃ .......................................................................................

৪। বর বিপত্নীক বা পূর্ব বিবাহিত কিনা ? ..............................................................

৫। নিজ নিজ বাসস্থানসহ কন্যা ও তাহার পিতা, মাতার নাম ঃ .....................................

৬। কন্যা কুমারী অথবা বিধবা কিনা ? ..........................................................

৭। কন্যার বয়স ঃ .......................................................................................

৮। যে তারিখে বিবাহের আর্শীবাদ করা হইয়াছিল সেই তারিখ ঃ ...................................

৯। বিশেষ শর্তাদি থাকিলে তাহা ঃ ......................................................................

১০। বিবাহ পড়ানো ব্রাহ্মণের নাম ও ঠিকানা ঃ ..........................................................

১১। উপস্থিত শীল/ নাপিতের নাম ও ঠিকানা ঃ ..........................................................

১২। কন্যা সম্প্রদানকারীর নাম, ঠিকানা এবং কন্যার সাথে তাহার সম্পর্ক ঃ ........................

১৩। বিবাহ নিবন্ধনের তারিখ ঃ ..............................................................................

১৪। পরিশোধিত নিবন্ধন ফি ঃ ........................টাকা (কথায় ............................. টাকা)

.........................
বরের স্বাক্ষর/টিপ সহি
.........................

.........................
কন্যার স্বাক্ষর/টিপ সহি

.........................................
বরের অভিভাবকের স্বাক্ষর/টিপ সহি

......................................
কন্যা সম্প্রদানকারীর স্বাক্ষর/টিপ সহি

....................................
বিবাহ বিন্ধকের স্বাক্ষর ও সীল

.................................
বর পক্ষে উপস্থিত গন্যমান্য
ব্যক্তির নাম, ঠিকানা ও স্বাক্ষর

................................
বিবাহ পড়ানো ব্রাহ্মণের স্বাক্ষর।

.................................
কন্যা পক্ষে উপস্থিত গন্যমান্য
ব্যক্তির নাম, ঠিকানা ও স্বাক্ষর

**ফরম ‘ঙ’**

**পরিদর্শন ও নকলের জন্য দরখাস্তের রেজিস্টার সংরক্ষণ ফরম**

**[বিধি ২২(২) দ্রষ্টব্য]**

**হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০১৩ এর বিধি ২২(২) অনুযায়ী পরিদর্শন ও নকলের দরখাস্তের রেজিস্টার বহি**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| দরখাস্তের ক্রমিক নম্বর | দরখাস্তের তারিখ | দরখাস্তকারীর নাম, তাহার পিতা এবং মাতার নাম ও ঠিকানা | বিবাহ (নম্বর ও সন) | পরিদর্শন বা নকলের জন্য | আদায়কৃত ফিস | | আদায়ের তারিখ | পরিদর্শনের তারিখ | নকল দিবার তারিখ | নকল গ্রহণকারী ব্যক্তির স্বাক্ষর | মন্তব্য |
| | | | | | পরিদর্শন | নকল | | | | | |
| | | | | | টাকা | টাকা | | | | | |
| | | | | | | | | | | | |

**ফরম ‘চ’**

**সূচিবহি**

**[বিধি ২৪(১) দ্রষ্টব্য]**

**হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৪(১) অনুযায়ী হিন্দু বিবাহ সূচিবহি ঃ**

| বিবাহ বন্ধনে আবদ্ধ পক্ষদ্বয়ের নাম | পিতা ও মাতার নাম | সাকিন, গ্রাম বা শহর, থানা ও জেলার নাম | বিবাহ নিবন্ধনের স্থান | বিবাহ নিবন্ধনের তারিখ | সালের ক্রমিক নং | বহি | বালাম | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

**ফরম ‘ছ’**

**ক্যাটালগ ফরম**

**[বিধি ২৫ দ্রষ্টব্য]**

**হিন্দু বিবাহ নিবন্ধন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৫ অনুযায়ী ক্যাটালগ ফরম ঃ**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | বহির সহিত সংশ্লিষ্ট জেলা | বৎসর | বহির শিরোনাম | খণ্ড/ভলিউম নম্বর | প্রতি খণ্ডে/ভলিউমে অন্তর্ভুক্তির সংখ্যা | লিখিত পৃষ্ঠার সংখ্যা | মন্তব্য |
| | | | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অরূপ কুমার গোস্বামী**
উপ-সচিব (রেজিস্ট্রেশন)।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd